

## NYC Care-এর সাথে আপনি অসুস্থ হওয়ার আগেই স্বাস্থ্যসেবা পেতে পারেন

নিউ ইয়র্ক সিটিতে আমরা বিশ্বাস করি যে স্বাস্থ্যসেবা পাওয়া মানবিক অধিকার। আপনার জন্ম কোথায় হয়েছে কিংবা আপনার আর্থিক অবস্থা কেমন সেসব নির্বিশেষে, আমাদের সিটিতে আপনার মানসম্মত, সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে। **আপনার প্রয়োজনীয় সেবা পাওয়ার জন্য আপনাকে আর ইমার্জেন্সি রুমের উপর নির্ভর করতে হবে না।**

NYC Care-এর সাথে, আপনি আপনার নিজস্ব নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী পাবেন এবং আপনার কমিউনিটিতে কোন NYC Health + Hospitals এর রোগীর সেবাকেন্দ্রে আপনি চাহিদা মোতাবেক মেডিকেল পরিষেবা পাবেন। এছাড়া আপনি প্রাথমিক সেবা, ওবি-জিওয়াইএন (OB-GYN) সেবা, মানসিক স্বাস্থ্যসেবা এবং 24/7 ওষুধ পাওয়ার মতো স্বাস্থ্য পরিষেবা পেতে সক্ষম হবেন।

NYC Care-এর সাথে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগের মাধ্যমে আপনার শারীরিক কোন সমস্যা হলেই আগেভাগে সেটার চিকিৎসা করে নিয়ে সুস্বাস্থ্য বজায় রাখতে পারবেন। খুবই কম খরচে কিংবা বিনামূল্যে সকল পরিষেবা প্রদান করা হবে।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন:**

1-646-NYC-CARE
1-646-692-2273

**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' আইনের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**

আরও জানতে এবং
তালিকাভুক্ত হতে,
কল করুন:

1-646-NYC-CARE
1-646-692-2273

nyccare.nyc

City-wide • Volume 3 • 9/1/20

সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

Bengali_09/20

# সিটির স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আপনার চাবিকাঠি

আপনার অভিবাসনগত অবস্থা বা অর্থ পরিশোধ করার সক্ষমতা নির্বিশেষে সম্মান ও মর্যাদার সাথে আপনার স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আনলক করুন

**NYC Health + Hospitals এর অবস্থানগুলিতে শহরব্যাপী পাওয়া যায়!**

**আজই NYC Care-এর সদস্য হোন!**

1-646-NYC-CARE
1-646-692-2273

**nyccare.nyc**

গোপনীয়তা ও একান্ততা নিশ্চিতভাবে রক্ষা করা হবে।

NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' আইনের অধীনে কোন ঝুঁকি বহন করে না।

NYC HEALTH+ HOSPITALS

NYC CARE
Your Key to the City's Health Care

## NYC Care সম্পর্কে

NYC Care একটি স্বাস্থ্য সেবা কর্মসূচি যা সেইসব নিউ ইয়র্কবাসীদের জন্য বিনামূল্যে বা কম-খরচে পরিষেবা প্রদানের নিশ্চয়তা প্রদান করে যারা স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য নয় কিংবা স্বাস্থ্য বিমা কেনার জন্য আর্থিকভাবে অবস্থাসম্পন্ন নয়। আপনার অভিবাসনগত অবস্থা বা অর্থ পরিশোধ করার সক্ষমতা নির্বিশেষে সম্মান ও মর্যাদার সাথে সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আপনার অধিকার আনলক করুন।

NYC Care-এর সাথে, আপনি:

+ আপনার কমিউনিটির NYC Health + Hospitals -এর রোগী পরিচর্যা কেন্দ্রে প্রাথমিক, প্রতিরোধমূলক, ও বিশেষ স্বাস্থ্য সেবায় প্রবেশাধিকার পাওয়ার জন্য একটি অনন্য মেম্বারশিপ কার্ড পাবেন।
+ আপনার নিজস্ব প্রাইমারি কেয়ার প্রোভাইডার বেছে নিতে পারেন যিনি আপনাকে অসুস্থতা এড়িয়ে ও অন্যান্য পরিষেবার সাথে সংযুক্ত করার মাধ্যমে সুস্বাস্থ্য বজায় রাখতে সহায়তা করবে।
+ দুই সপ্তাহ বা তারও কম সময়ের মধ্যে প্রাইমারি কেয়ার প্রোভাইডারের সাথে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন। টেলিহেলথ বা সশরীরে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা রয়েছে।
+ যখনই আপনার সাহায্যের প্রয়োজন, আমাদের কল সেন্টারে যোগাযোগ করুন, যা 24/7 খোলা থাকে।
+ কম খরচে 24/7 প্রেসক্রিপশনের ওষুধ ও রাতের বেলাতেও ওষুধ রিফিল করার জন্য সুবিধা পাবেন।
+ একটি প্রাইমারি কেয়ার টিমের কাছ থেকে সহায়তা পাবেন যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নার্স, মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবী, মেডিকেল অ্যাসিস্টেন্ট, সামাজিক কর্মী, ফার্মাসিস্ট এবং পুষ্টিবিদ।
+ মানসম্মত স্বাস্থ্যসেবা পেতে সমর্থ হবেন। যোগদান করতে কিংবা মাসিক কোন ফি নেই। স্বাস্থ্য সেবা পেতে আপনার খরচ আপনার পারিবারিক আকার এবং আয়ের উপর নির্ভরশীল।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**
1-646-NYC-CARE
1-646-692-2273

**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**

## আপনার মেম্বারশিপ পরিষেবা

প্রাথমিক ও প্রতিরোধমূলক সেবা

+ আপনার নিজস্ব প্রাইমারি কেয়ার প্রোভাইডার বেছে নিন যিনি আপনার দৈনন্দিন শারীরিক সমস্যা, যেমন বদ হজম, গলা ব্যথা, জ্বর ইত্যাদি অসুবিধাগুলোর চিকিৎসা করবে, এবং সেইসাথে দীর্ঘমেয়াদী রোগ যেমন ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে সহায়তা করবে।
+ রুটিনমাফিক টিকা ও স্ক্রিনিং, যেমন ফ্লু শট, ম্যামোগ্রাম, এবং একটি কোলোনোস্কোপি পাবেন।

বিশেষজ্ঞ সেবা

আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার বিশেষজ্ঞদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে এবং আপনার চাহিদা মোতাবেক পরিষেবাগুলোতে রেফার করার ক্ষেত্রে সহায়তা দেবে, এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

+ কার্ডিওলজি
+ আর্থ্রাইটিস সেবা
+ অর্থোপেডিক্স
+ পোডিয়াট্রি
+ ওজন হ্রাসের জন্য পরিষেবা
+ গ্যাস্ট্রোএন্টারোলজি
+ সাধারণ সার্জারি
+ নাক, কান ও গলা (ENT)
+ নারীর স্বাস্থ্য ও প্রিন্যাটাল সেবা
+ চোখের যত্ন

আচরণগত স্বাস্থ্য ও মাদকদ্রব্যের ব্যবহার

+ বিষণ্ণতা, দুশ্চিন্তা এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যার চিকিৎসা করার জন্য একরাশ মানসিক স্বাস্থ্য সেবা পাবেন।
+ সঠিক মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, সামাজিক কর্মী, থেরাপিস্ট বা মনোবিজ্ঞানীর কাছে রেফার করা হবে।
+ মাদকাসক্তি ও মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত সমস্যার চিকিৎসা ও সহায়তা পাবেন।

সামর্থ্যের মধ্যে ওষুধ

+ NYC Health + Hospitals এর ফার্মেসিসমূহে কম খরচে প্রেসক্রিপশনের ওষুধ এবং কর্মদিবসে সন্ধ্যায় ও সাপ্তাহিক ছুটির দিনসহ, বাড়তি সময়জুড়ে ফার্মেসি থেকে ওষুধ কেনার সুযোগ পাবেন।
+ অনলাইনে প্রেসক্রিপশন রিফিলের অর্ডার দিন।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**

1-646-NYC-CARE
1-646-692-2273

**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**

## প্রশ্ন-উত্তর

### NYC Care কী?

NYC Care একটি সদস্যতা-ভিত্তিক প্রোগ্রাম যা NYC Health + Hospitals দ্বারা পরিচালিত, এর মাধ্যমে আপনি কম খরচে বা বিনামূল্যে বিশেষজ্ঞ দেখানো সহ আপনার নিজস্ব ডাক্তারের কাছ থেকে চিকিৎসা ও সেবা নিতে পারবেন, কম-খরচে ওষুধ কেনা এবং 24/7 গ্রাহক সেবা পাবেন।

### NYC Care পাওয়ার জন্য আমি কিভাবে যোগ্য হবো?

আপনাকে অবশ্যই NYC-তে ছয় মাস বা তার থেকে বেশি সময় ধরে বাস করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেটে যেসকল সাশ্রয়ী সরকারি স্বাস্থ্য বিমা পরিকল্পনা আছে সেগুলোর জন্য যোগ্যতা না থাকা আবশ্যক। ফেডারেল স্ট্যান্ডার্ড অনুযায়ী স্বাস্থ্য বিমার খরচ বহনের সামর্থ্য আপনার না থাকলেও আপনি এই প্রোগ্রামে যুক্ত হওয়ার যোগ্য হবেন। আপনি এই সুবিধা পাওয়ার যোগ্য কিনা তা জানতে, আজই 1-646-NYC-CARE (1-646-692-2273) নম্বরে কল করুন!

### পরিষেবাগুলোর জন্য আমাকে কী পরিমাণ অর্থ দিতে হবে?

আপনার সামর্থ্য অনুসারে অর্থ দিতে হবে। আপনার পরিবারের সদস্য সংখ্যা ও আয়ের ওপর ভিত্তি করে হ্রাসকৃত ফি নির্ধারণ করা হয় এবং তা $0 থেকে শুরু হয়। যোগদানের জন্য কোন ফি, মাসিক ফি বা প্রিমিয়াম নেই। আরও তথ্য জানতে, অনুগ্রহ করে ভিজিট করুন **nyccare.nyc** এবং আমদের ফি স্কেল সারণি দেখুন।

### আমি স্বাস্থ্যসেবা কোথায় পাবো?

NYC Care-এর একজন সদস্য হিসেবে, আপনার কমিউনিটির NYC Health + Hospitals এর স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে আপনি সেবা পাবেন। ঠিকানা জানতে, ভিজিট করুন nyccare.nyc ভিজিট করুন।

### আমার গোপনীয়তা কি রক্ষা করা হবে?

NYC Health + Hospitals-এর স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবীরা আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ও অভিবাসনগত অবস্থা বিষয়ক তথ্যাবলী গোপন রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। নির্ভয়ে স্বাস্থ্যসেবা চান। আজই NYC Care-এ তালিকাভুক্ত হোন।

### কিভাবে আরও তথ্য পাব বা NYC Care-এ তালিকাভুক্ত হবো?

ফোন করুন: 1-646-NYC-CARE (1-646-692-2273)। আরও জানতে ভিজিট করতে পারেন nyccare.nyc ওয়েবসাইটে ভিজিট করতে পারেন। আমরা আপনার ভাষায় কথা বলি!

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**

1-646-NYC-CARE
1-646-692-2273

**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**